কোটচাঁদপুর উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবনের নির্মান কাজের উদ্ভোধন

ঝিনাইদহ ৩ আসনের সংসদ সদস্য কোটচাঁদপুর উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবনের নির্মান কাজের উদ্ভোধন করেছেন। বৃহস্পতিবার দুপুরে এ কমপ্লেক্সের উদ্ভোধন করেন তিনি।

উদ্ভোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলার নির্বাহী অফিসার উছেন মে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ শাহাজাহান আলী, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন,উপজেলা আওয়ামী লীগের সহসভাপতি নুরুল ইসলাম খান বাবলু, ফারজেল হোসেন মন্ডল,মোঃ লুৎফর রহমান, কোটচাঁদপুর পৌর আওয়ামীলীগের সভাপতি কাজী আলমগীর, উপজেলা প্রকৌশলী মিজানুর রহমান।

এ ছাড়া উপস্থিত ছিলেন, এলাঙ্গী ইউনিয়ন চেয়ারম্যান মিজানুর রহমান, কুশনার শাহারুজ্জামান সবুজ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন,প্রকৌশলী মিজানুর রহমান, তিনি বলেন,উপজেলা ব্যাপী উন্নয়ন কাজ চলমান রয়েছে। এরধারাবাহিকতায় আজ উদ্ভোধন হল উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন। যা নির্মিত হচ্ছে ৬ কোটি ৩ লাখ,৮৩ হাজার ৬৬৩ টাকা ব্যয়ে।